**AKASHVANI(AIR)**

**RNU: KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date 16-02-2026** **Time: 7.35 AM**

বিশেষ বিশেষ খবর –

১) একাধিক গুরুতর অনিয়মের অভিযোগে রাজ্যের সাত AERO-কে সাসপেন্ড করেছে নির্বাচন কমিশন।

২) রাজ্যে স্থায়ীভাবে বসবাসের প্রমাণপত্র জমা দেওয়া ভোটারদের বড় অংশই নির্ধারিত শর্ত পূরণ করতে পারেনি বলে কমিশনের পর্যবেক্ষণে জানা গেছে।

৩) তৃণমূল কংগ্রেস সরকার দেশের সার্বিক নিরাপত্তার ক্ষেত্রে চ্যালেঞ্জ হয়ে উঠেছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন।

৪) রাজ্যের হিমঘরগুলিতে আলু তোলার কাজ শুরু হচ্ছে আগামী পয়লা মার্চ।

৫) স্বামীজীর আদর্শকে পাথেয় করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ে তোলার লক্ষ্য নির্ধারণ করেছেন বলে প্রতিরক্ষা প্রতিমন্ত্রী সঞ্জয় শেঠ মন্তব্য করেছেন।

৬) আইএসএল ফুটবল প্রতিযোগিতায় ইস্টবেঙ্গল আজ নর্থ ইস্ট ইউনাইটেড এফসির মুখোমুখি হবে।

---

একাধিক গুরুতর অনিয়মের অভিযোগে রাজ্যের সাত AERO-কে সাসপেন্ড করেছে নির্বাচন কমিশন। সাত জনই রাজ্যে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন

(এসআইআর)-এর কাজে নিযুক্ত। তাঁদের বিরুদ্ধে এসআইআর-এর কাজে অসদাচরণ, কর্তব্যে গাফিলতি এবং ক্ষমতার অপব্যবহারের অভিযোগ তুলেছে কমিশন। এঁদের বিরুদ্ধে শৃঙ্খলাভঙ্গের তদন্ত শুরু করারও নির্দেশ দেওয়া হয়েছে। ক্যানিং পূর্বর দুই, সুতি, ময়নাগুড়ি, সামশেরগঞ্জ, ডেবরা ও ফারাক্কা বিধানসভার মোট একজন করে AERO-র বিরুদ্ধে পদক্ষেপের নির্দেশ দিয়ে কমিশন গতকাল রাজ্যের মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তীকে চিঠি দিয়েছে। সংশ্লিষ্ট নিয়ন্ত্রক কর্তৃপক্ষকে দ্রুত তদন্ত শুরু করে কমিশনকে রিপোর্ট দেওয়ার নির্দেশও দেওয়া হয়েছে।

রাজ্যের চার আধিকারিককে আগেই সাসপেন্ড করে তাঁদের বিরুদ্ধে এফআইআর দায়ের এর নির্দেশ দিয়েছিল কমিশন। কিন্তু নির্দেশ বাস্তবায়িত না হওয়ায় শুক্রবার দিল্লিতে নির্বাচন সদনে তলব করা হয়েছিল রাজ্যের মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তীকে। এদের বিরুদ্ধে এফআইআর করার জন্য মঙ্গলবার পর্যন্ত রাজ্যকে সময় দিয়েছে কমিশন।

এদিকে, সুপ্রিম কোর্টের ৯ই ফেব্রুয়ারির নির্দেশ মেনে SIR সংক্রান্ত সমস্ত ফর্ম–সেভেন এর আপত্তি নিষ্পত্তি নিয়েও কড়া বার্তা দিয়েছে নির্বাচন কমিশন। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে পাঠানো পৃথক চিঠিতে বলা হয়েছে, এখনও পর্যন্ত জমা পড়া সমস্ত ফর্ম–৭ অবিলম্বে সংশ্লিষ্ট ইআরও ও এইআরওদের কাছে পাঠাতে হবে এবং আইন অনুযায়ী প্রতিটি আপত্তির নিষ্পত্তি নিশ্চিত করতে হবে।

---------------

রাজ্যে স্থায়ীভাবে বসবাসের প্রমাণপত্র বা ডোমিসাইল সার্টিফিকেট জমা দেওয়া ভোটারদের বড় অংশই কমিশনের নির্ধারিত শর্ত পূরণ করছেন না বলে প্রাথমিক

পর্যবেক্ষণে উঠে এসেছে। নির্বাচন কমিশন সূত্রে খবর, এখনও পর্যন্ত যাঁরা ডোমিসাইল সার্টিফিকেট জমা দিয়েছেন, তাঁদের প্রায় ৯৯ শতাংশই ওই শংসাপত্রের প্রকৃত অধিকারী নন।

কমিশনের গাইডলাইন অনুযায়ী, শর্ত পূরণ না করলে সেই বসবাসের শংসাপত্র গ্রহণযোগ্য হবে না। ফলে সংশ্লিষ্ট ভোটারদের নাম চূড়ান্ত তালিকা থেকে বাদ পড়তে পারে বলেই কমিশন সূত্রে ইঙ্গিত।

নির্বাচন কমিশনের তরফে জানানো হয়েছে, প্রতিটি নথি খতিয়ে দেখেই চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে। নিয়ম অনুযায়ী যাঁরা বৈধ নথি দেখাতে পারবেন না, তাঁদের নাম তালিকা থেকে বাদ দেওয়ার প্রক্রিয়া চালানো হবে।

--------------

নদিয়ার কালীগঞ্জ ব্লকের আশাচিয়া গ্রামে BLO-কে মারধরের গুরুতর অভিযোগ উঠেছে এলাকার কয়েক জনের বিরুদ্ধে। আলি সাহেব শেখ নামে ওই ব্যক্তির মাথায় গুরুতর আঘাত লাগে। রক্তাক্ত অবস্থায় প্রথমে তাঁকে কালীগঞ্জ ব্লক হাসপাতালে, পরে শারীরিক অবস্থার অবনতি হলে শক্তিনগর জেলা হাসপাতালে স্থানান্তর করা হয়।

--------------

তৃণমূল কংগ্রেস সরকার দেশের সার্বিক নিরাপত্তার ক্ষেত্রে চ্যালেঞ্জ হয়ে উঠেছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন। গতকাল এক্স হ্যান্ডেলে এক পোস্টে শ্রী অধিকারী বলেন, কেন্দ্রীয় সরকার সীমান্তে বেড়া দেওয়ার জন্য বারবার জমি চাইলেও রাজ্য সরকার এব্যাপারে পূর্ণ সহযোগিতা করছে না। নির্দিষ্ট সময়সীমার

মধ্যে তিনি সীমান্তে বেড়া দেওয়ার কাজ সম্পূর্ণ করার দাবি জানান। রাজ্যের শাসকদলের বিরুদ্ধে ভোট ব্যাঙ্কের জন্য রাজনীতিরও অভিযোগ তুলেছেন তিনি।

---------------

যুব সাথী প্রকল্পের ভাতার আবেদন জানাতে গিয়ে উত্তর দিনাজপুরের চোপড়ায় এক যুবককে বেধড়ক মারধোরের অভিযোগ উঠেছে পুলিশের বিরুদ্ধে। গতকাল সকাল থেকেই চোপড়া বিডিও অফিসের সামনে যুবসাথী প্রকল্পে আবেদনের জন্য বিশাল লাইন পড়েছিল। বিশৃঙ্খলা থেকে পুলিসের সঙ্গে বচসা শুরু হয় কয়েকজনের। তারপরই পুলিশের তরফে ওই যুবককে গালিগালাজ করা হয়েছে বলে অভিযোগ পরিবারের।

---------------

রাজ্যে বেকার ভাতার জন্য লম্বা লাইন দেখে পশ্চিমবঙ্গে অর্থনীতির দৈনদশার চিত্রই স্পষ্ট হয়ে ওঠে বলে কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী মন্তব্য করেছেন। ভোটের দিকে তাকিয়ে সরকারি কোষাগার থেকে এই ভাতা দেওয়ার ব্যবস্থা বলে মন্তব্য করেন তিনি।

বাইট

আজ তিনি আরও বলেন, তার দল ভাতা দেওয়ার বিরোধিতা করছে না। কিন্তু বেকারদের নিজের পায়ে দাড়ানোর জন্য সরকারের তরফ থেকে পরিকল্পনা মাফিক ব্যবস্থা করার দাবি জানিয়েছে অধীর চৌধুরী।

বিজেপি নেতা দিলীপ ঘোষ বেকার ভাতার বিরোধিতা করে বলেন, পূর্ববর্তী সি পি আই এম নেতৃত্বাধীন সরকারও ভাতা চালু করেছিল, তাতে কারও লাভ হয়নি বলে তিনি জানান।

বাইট

---------------

এদিকে অন্তর্বর্তী বাজেটে ঘোষিত বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্পের সুবিধা নেওয়ার জন্য রাজ্যজুড়ে শুরু হওয়া শিবির গুলিতে অফলাইনে পাঁচ লক্ষের বেশি আবেদন জমা পড়েছে বলে নবান্ন সূত্রে খবর। এরমধ্যে বাংলার যুব সাথী প্রকল্পে সব থেকে বেশি আবেদন জমা পড়েছে। এছাড়াও কৃষক- খেতমজুরদের বার্ষিক আর্থিক সহায়তা প্রদান, সেচের জল ব্যবহারে জল কর মকুব ও লক্ষীর ভান্ডার সংক্রান্ত প্রকল্পেও আবেদন জমা নেওয়ার কাজ চলছে। আগামী ২৬ তারিখ পর্যন্ত এই আবেদন জমা নেওয়া হবে।

এক আলোচনাকারী জানালেন –

বাইট

---------------

রাজ্যের হিমঘরগুলিতে আলু তোলার কাজ শুরু হচ্ছে আগামী ১ মার্চ থেকে । ছোট ও প্রান্তিক চাষিদের জন্য মোট সংরক্ষিত জায়গার ৩০ শতাংশ প্রথমে বরাদ্দ রাখা হবে বলে জানিয়েছে রাজ্যের কৃষি বিপণন দপ্তর। 'আগে এলে আগে' ভিত্তিতে ওই জায়গা পাওয়া যাবে। এক জন চাষি সর্বোচ্চ ৩৫ কুইন্টাল বা ৭০ বস্তা পর্যন্ত আলু রাখতে পারবেন।

রাজ্যের কৃষি বিপণন দপ্তরের মন্ত্রী বেচারাম মান্না জানিয়েছেন, প্রতি বছরই আলু তোলার মরসুমে চাষিদের জন্য হিমঘরে জায়গা রাখা হয়, যাতে ফসল কাটার পরে সুষ্ঠু সংরক্ষণ করা যায়। গত বছর সংরক্ষিত জায়গার পরিমাণ ২০ শতাংশ থেকে বাড়িয়ে

৩০ শতাংশ করা হয়েছিল, যাতে আরও বেশি সংখ্যক ছোট ও প্রান্তিক চাষি তাঁদের উৎপাদিত আলু সংরক্ষণ করতে পারেন।

সম্প্রতি দপ্তরের তরফে জারি করা নির্দেশিকায় জানানো হয়েছে, জেলাশাসকেরা সংশ্লিষ্ট জেলায় এই ব্যবস্থার বাস্তবায়ন দেখভাল করবেন। ২০ মার্চ পর্যন্ত ব্লক ও জেলা স্তরে নিয়মিত পর্যালোচনা হবে এবং সমস্ত অংশীদারদের নিয়ে হিমঘরে আলু তোলার কাজ নির্বিঘ্ন রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

তবে ২০ মার্চের পর সংরক্ষিত জায়গার যে অংশ খালি থাকবে, তা হিমঘর মালিকেরা নিজেদের মতো ব্যবহার করতে পারবেন। এ ক্ষেত্রে মালিকদের কোনও ক্ষতিপূরণ দেওয়া হবে না বলেও স্পষ্ট করা হয়েছে। যদিও সাধারণ জায়গায় প্রচলিত নিয়ম অনুযায়ী অন্য চাষি বা ভাড়াটেরাও আলু সংরক্ষণ করতে পারবেন।

---------------

প্রতিরক্ষা প্রতিমন্ত্রী সঞ্জয় শেঠ গতকাল ব্যারাকপুর রামকৃষ্ণ বিবেকানন্দ মিশনের কাছে স্বামী বিবেকানন্দের একটি পূর্ণাবয়ব মূর্তির আবরণ উন্মোচন করেন। তিনি মিশনের সুবর্ণ জয়ন্তী বর্ষ উদযাপন অনুষ্ঠানে যোগ দেন। শ্রী শেঠ বলেন, স্বামীজীর আদর্শকে পাথেয় করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশকে উন্নয়নের শিখরে নিয়ে যাওয়ার উদ্যোগ নিয়েছেন। ২০৪৭ সালে বিকশিত ভারতের যে লক্ষ্য প্রধানমন্ত্রী নিয়েছেন, তাতে রামকৃষ্ণ বিবেকাকন্দ মিশনের বিরাট ভূমিকা রয়েছে।

বাইট

--------------

দক্ষিণ ২৪ পরগণার মহেশতলা পুরসভার ২০ নম্বর ওয়ার্ডের আক্রা পুরাতন বাজার ফেরিঘাট রোডে অগ্নিকান্ডে একটি কাপড়ের দোকানের ব্যপক ক্ষতি হয়েছে। সমীর কোটাল নামে ওই ব্যবসায়ীর মুদিখানা, ইমিটেশন ও কাপড়ের দোকানে হঠাতই আগুন লাগে বলে খবর। খবর পেয়ে দমকলের দুটি ইঞ্জিন ঘটনাস্থলে যায়। প্রায় দু'ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। আগুন লাগার কারণ খতিয়ে দেখা হচ্ছে।

---------------

দুর্যোগ বা প্রয়োজনের মুহূর্তে অসামান্য কাজের স্বীকৃতিস্বরূপ আমেরিকার ফ্লোরিডার অরল্যান্ডো হ্যামক্যাশন থেকে **হ্যাম রেডিও হিরো অফ দ্য ইয়ার** আন্তর্জাতিক পুরস্কার পেয়েছেন ওয়েস্ট বেঙ্গল রেডিও ক্লাবের প্রতিষ্ঠাতা সম্পাদক অম্বরীশ নাগ বিশ্বাস। উল্লেখ্য, হারানো মানুষকে বাড়ী ফেরানোর ক্ষেত্রে উল্লেখযোগ্য কৃতিত্বের জন্য এই প্রতিষ্ঠানটি ইতিপূর্বে ২ বার আমেরিকান নিউজ লাইন থেকে বেস্ট অ্যামেচার রেডিও ক্লাবের শিরোপা পেয়েছে।

---------------

উত্তুরে বাতাস বজায় থাকায় রাজ্যের প্রায় সব জেলাতেই ভোরের দিকে এখনও শীতের আমেজ। সর্বত্রই সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিক বা তার নিচে রয়েছে। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়, ১৬ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে প্রায় আড়াই ডিগ্রি কম। আগামী সাত দিন রাজ্যে শুষ্ক আবহাওয়া থাকবে এবং তাপমাত্রার বিশেষ পরিবর্তন হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

---------------

আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল আজ তাদের অভিযান শুরু করবে। প্রতিপক্ষ নর্থ ইস্ট ইউনাইটেড এফসি। যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

গতকাল জামশেদপুরে জেআরডি টাটা স্পোর্টস কমপ্লেক্সে মহামেডান স্পোর্টিং ১-০ গোলে জামশেদপুর এফসির কাছে পরাজিত হয়েছে।

---------------

কল্যাণিতে রঞ্জি ট্রফি সেমিফাইনালে জম্মু ও কাশ্মীরের বিরুদ্ধে বাংলা আজ দ্বিতীয় দিনে প্রথম ইনিংসে ৫ উইকেটে ২৪৯ রান হাতে নিয়ে খেলতে নামবে। সুদীপ ঘরামী ১৩৬ রানে অপরাজিত আছেন। অধিনায়ক অভিমন্যু ঈশ্বরণ ৪৯, শাহবাজ আহমেদ ৪২ রান করেছেন। জম্মু ও কাশ্মীরের হয়ে আকিব নবি, সুনীল কুমার দুটি করে উইকেট নিয়েছেন।

--------------- ---------------